

ছাত্র সংগ্রাম পরিষদের উভয় অংশের যুগপৎ কর্মসূচী

## ছাত্র বেতন বৃদ্ধির বিরুদ্ধে কাল সারাদেশে প্রতিবাদ দিবস

(নিজস্ব বার্তা পরিবেশক)  
কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের উভয় অংশ আগামী ২৩শে জুন দেশব্যাপী প্রতিবাদ দিবস পালন করবে। ছাত্র বেতন বৃদ্ধি সহ অন্যান্য কর বৃদ্ধির প্রতিবাদে ছাত্র সংগ্রাম পরিষদ এক কর্মসূচী ঘোষণা করেছে।

গতকাল রোববার পৃথক সংবাদ বিজ্ঞপ্তিতে ছাত্র সংগ্রাম পরিষদের উভয় অংশ ২৩শে জুন দেশব্যাপী সভা-সমাবেশ ও মিছিলের কর্মসূচী ঘোষণা করেছে। ছাত্র সংগ্রাম পরিষদের উভয় অংশ ছাত্র বেতন বৃদ্ধির সরকারী সিদ্ধান্তের প্রতিবাদ জানিয়ে বলেছে,

ওয়াশিংটন, ২১শে জুন (রয়টার)।---ইরাকী কেমপাঙ্কের আঘাতে ক্ষতিগ্রস্ত মার্কিন ক্রিগেট টার্কের ক্যাপ্টেন এবং অন্য দুজন উর্ধ্বতন কর্মকর্তাকে তাদের দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হয়েছে। এই হামলায় টার্কের ৩৭ জন সৈনিক নিহত হয়।

শিক্ষা নৈষম্য হ্রাসের নামে সরকারী স্কুল, কলেজে ছাত্র বেতন বৃদ্ধি বেসরকারী স্কুল কলেজে বেতন বৃদ্ধিকে উৎসাহ যোগাবে। এ পদক্ষেপকে শিক্ষা ব্যবস্থাকে মূনাফাভিত্তিক বাণিজ্যে পরিণত করার চক্রান্ত বলে সংগ্রাম পরিষদ মনে করে।

### রাজশাহী বিশ্ববিদ্যালয় ৫টি কলেজের ডিগ্রী পরীক্ষা বাতিল

রাজশাহী, ২১শে জুন (নিজস্ব সংবাদদাতার তথ্য)।---রাজশাহী বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কমিটি বিশ্ববিদ্যালয়ের ৫টি অনুমোদিত কলেজের ১৯৮৬ সালের ডিগ্রী পাস ও সাবসিডিয়ারী পরীক্ষা বাতিল করেছে।

পরীক্ষার্থীদের অসদপায় অবলম্বন, শিক্ষকদের দুর্নীতি ও পরীক্ষার হলে আইন-শৃংখলা পরি-  
(সেফ পু: ১-এফ ক: ৩২)

#### ডিগ্রী পরীক্ষা বাতিল

(১ম পাতার পর)

স্থিতির অবনতি সম্পর্কে সিনিয়র অতিযোগের ভিত্তিতে কমিটি এই সিদ্ধান্ত নেয়।

যেসব কলেজের পরীক্ষা বাতিল করা হয়েছে সেগুলো হলো: মেহেরপুর কলেজ কেন্দ্র, আব্দুলপুর কলেজ, ডোয়ার কলেজ, নওগাঁ সরকারী কলেজ ও আদিনা ফজলুল হক কলেজ। এসব কলেজ থেকে ৩ হাজার ৫শ' ৬১ জন ছাত্র পরীক্ষা দিয়েছে।